# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১২০

৩৩/ ওয়াসীয়ত (كتاب الوصايا عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ওয়াসীয়তের ক্ষেত্রে ক্ষতিকর ব্যবস্থা নেওয়া।

باب ما جاء في الضرار في الوصية

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ الْجَهْضَمِيُّ، حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ، حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ، وَهُوَ جَدُّ هَذَا النَّصْرِ حَدَّثَنَا الأَشْعَثُ بْنُ جَابِرٍ، عَنْ شَهْرِ بْنِ حَوْشَبٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّهُ حَدَّثَهُ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ الرَّجُلَ لَيَعْمَلُ وَالْمَرْأَةُ بِطَاعَةِ اللَّهِ سِتِّينَ سَنَةً ثُمَّ يَحْضُرُهُمَا الْمَوْتُ فَيُضَارَّانِ فِي الْوَصِيَّةِ فَتَجِبُ لَهُمَا النَّارُ " . ثُمَّ قَرَأَ عَلَىَّ أَبُو هُرَيْرَةَ : (مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصَى بِهَا أَوْ دَيْنٍ غَيْرَ مُضَارٍّ وَصِيَّةً مِنَ اللَّهِ) إِلَى قَوْلِهِ : (ذَلِكَ الْفَوْزُ الْعَظِيمُ) قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ . وَنَصْرُ بْنُ عَلِيٍّ الَّذِي رَوَى عَنِ الأَشْعَثِ بْنِ جَابِرٍ هُوَ جَدُّ نَصْرِ بْنِ عَلِيٍّ الْجَهْضَمِيِّ .

বাংলা

২১২০. নাসর ইবন আলী (রহঃ) ..... আবূ হুরয়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনৎ পুরুষ ও মহিলা ষাট বছর পর্যন্ত আল্লাহর ফরমাবরদারীতে আমল করে যায় কিন্তু মওত যখন তাদের কাছে হাযির হয় তখন ওয়াসীয়তের ক্ষেত্রে তারা ক্ষতিকর ব্যবস্থা নিয়ে বসে ফলে তাদের জন্য জাহান্নাম হয়ে পড়ে অবশ্যম্ভাবী। এর পর আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু আমার সামনে এই আয়াত তিলাওয়াত করলেনঃ

(مِنْ بَعْدِ وَصِيَّةٍ يُوصَى بِهَا أَوْ دَيْنٍ غَيْرَ مُضَارٍّ وَصِيَّةً مِنَ اللَّهِ) إِلَى قَوْلِهِ : (ذَلِكَ الْفَوْزُ الْعَظِيمُ)

’’(এই বণ্টন বিধান) যা ওয়াসীয়ত করা হয় তা প্রদান এবং ঋণ পরিশোধের পর। যদি কারো জন্য ক্ষতিকর না হয়। এ আল্লাহর নির্দেশ। আল্লাহ সর্বজ্ঞ, সহনশীল ... এ সব আল্লাহর নির্ধারিত সীমা যে আল্লাহ ও তাঁর রাসূলের আনুগত্য করবে আল্লাহ তাকে দাখেল করবেন জান্নাতে যার পাদদেশে নদী প্রবাহিত; যেখানে তারা স্থায়ী হবে। আর এতো মহা সাফল্য। (সূরা নিসাঃ ১২, ১৩)। যঈফ, ইবনু মাজাহ ২৭০৪, তিরমিজী হাদিস নম্বরঃ ২১১৭ [আল মাদানী প্রকাশনী]

এ সূত্রে হাদীসটি হাসান-গারীব। আশআছ ইবন জাবির (রহঃ) থেকে যে নাসর ইবন আলী হাদীস রিওয়ায়াত করেন ইনি হলেন প্রসিদ্ধ রাবী নাসর ইবন আলী জাহযামী (রহঃ) এর দাদা।

## English

Abu Hurairah narrated that the Messenger of Allah (S.A.W) said: "Indeed a man, and a woman, perform deeds in obedience to Allah for sixty years, then death presents itself to them, and they cause such harm in the will that the Fire becomes warranted for them."Then he recited: After payment of legacies he (or she) may have bequeathed or debts, without causing harm. This is a Commandment from Allah. up to His saying: That is the magnificent success.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37475

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন